

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
Web: www.most.gov.bd

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২০ থেকে সেপ্টেম্বর ২০২০) লক্ষ্যমাত্রার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সচিব
তারিখ : ০৮ অক্টোবর ২০২০
সময় : সকাল ১০:৩০ টা
স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯০৩, ভবন নং-৬)
উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্টকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব বাবুল মিয়া সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২০ থেকে সেপ্টেম্বর ২০২০) লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।


২। তিনি সভাকে অবহিত করেন, ২০২০-২১ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন ৮টি দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে। অতঃপর তিনি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ৮টি দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত মাত্রার ১ম ত্রৈমাসিক (জুলাই ২০২০ থেকে সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- সংস্থার ফোকাল পয়েন্টগণ প্রতি বৃহস্পতিবার সংস্থা প্রধানকে এবং মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্টকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি টেলিফোনে অবহিত করবেন;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের সূচক বাস্তবায়নের রোড ম্যাপ আগামী ১৩ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে নির্ধারণ করতে হবে;
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের উত্তম চর্চার তালিকা সংগ্রহপূর্বক একটি সমন্বিত উত্তম চর্চার তালিকা আগামী ১৮ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;
- আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে অগ্নি নিরাপত্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

- (ঙ) আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সংস্থাসমূহ উদ্ভাবিত বিষয় নিয়ে কর্মশালার তারিখ এবং মহামারি ও আপদকাল মোকাবেলায় বিশেষ প্রশিক্ষণের তারিখ নির্ধারণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবে;
- (চ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ আব্দুল মোমিন আগামী ১২ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে রেডিওথেরাপি, ডায়াগনস্টিক রেডিওলজি ও নিউট্রন ক্রমাংক ও মান নিয়ন্ত্রণের সুবিধাদি স্থাপন (জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত) এবং জাতীয় জীন ব্যাংক স্থাপন (মার্চ ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত) প্রকল্প দু'টি পরিদর্শন করবেন;
- (ছ) আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আনোয়ার হোসেন

সিনিয়র সচিব

ও

সভাপতি

নৈতিকতা কমিটি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়